গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নংঃ ০৫.৫৫.২৭৫৬.০০০.৫২.০৫২.২৩-৯২৬৭

তারিখঃ ১৮/০৯/২০২৩ খ্রিঃ।

## মাটি/বালি নিলামের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, 'জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা' কমিটি'র সভার অনুমোদন ও নির্দেশনার আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর কর্তৃক দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন ছোট যমুনা নদীর পুনঃখননকৃত বালি/মাটি বিক্রয়ের উদ্দেশ্যে সরকারি নিয়ম প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে অফিস চলাকালিন প্রতি লট দরপত্র ২০০০/- (দুই হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) নগদ মূল্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর হতে নিম্নবর্ণিত লট এর দরপত্র ক্রয় করা যাবে। শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে।

| লট নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ষ্ট্যাক নং | স্থানের নাম/বিবরণ | মাটি/বালির পরিমান (ঘনফুট) | দাপ্তরিক প্রাক্কলিত মূল্য (টাকা) | দরপত্র সংগ্রহের শেষ তারিখ, সময় ও স্থান | দরপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | দরপত্র খোলা ও মূল্যায়নের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০১ | বিরামপুর | কাটলা ও বিরামপুর পৌরসভা | ৩, ৪ ও ৫ | বিরামপুর উপজেলাধীন ছোট যমুনা নদীর কিঃমিঃ ০.৯০০ (কাটলা ইউনিয়ন) হতে কিঃমিঃ ১৩.০০০ (বিরামপুর পৌরসভা) = ১২.১০০ কিঃমিঃ অংশের খননকৃত মাটি/বালি। | ৭৭,৩৪,০৫৯.৩০ | ৪৬,৪০,৪৩৫.৫৯ | ১ম ০৪/১০/২০২৩খ্রিঃ<br>২য় ১০/১০/২০২৩খ্রিঃ<br>৩য় ১৭/১০/২০২৩খ্রিঃ<br>সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর। | ১ম ০৫/১০/২০২৩খ্রিঃ<br>২য় ১১/১০/২০২৩খ্রিঃ<br>৩য় ১৮/১০/২০২৩খ্রিঃ<br>দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর। | ১ম ০৫/১০/২০২৩খ্রিঃ<br>২য় ১১/১০/২০২৩খ্রিঃ<br>৩য় ১৮/১০/২০২৩খ্রিঃ<br>দুপুর ৩:০০ ঘটিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর। |

নিলামের শর্তাবলীঃ-

১. নির্ধারিত দরপত্র ফরমে দর দাখিল করতে হবে। দাখিলকৃত দর দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের চেয়ে কম হওয়া যাবেনা। দরপত্রে উদ্ধৃত দর পরিষ্কার রূপে লিপিবদ্ধ করতে হবে।

২. আবেদনকারী বা দরদাতাকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও আয়কর সনদ/ট্রেড লাইসেন্স জমা দিতে হবে ।

৩. কর্তৃপক্ষের বিবেচনা সাপেক্ষে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে, সর্বোচ্চ দরদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে ডাককৃত মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে ২য় সর্বোচ্চ দরদাতাকে অর্থ পরিশোধের সুযোগ দেওয়া হবে। এক্ষেত্রে ১ম সর্বোচ্চ দরদাতার জামানতের অর্থ (দরপত্র মূল্যের ৩০%) বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে। অনুরূপভাবে, ৩য় সর্বোচ্চ দরদাতা পর্যন্ত এরূপ নিয়ম বলবৎ থাকবে। নিলামে উত্তীর্ণ দরদাতা অবশিষ্ট ৭০% অর্থ একাধিক কিস্তিতে জমা প্রদান করতে পারবেন না এবং ইতোপূর্বে নিলাম সংক্রান্ত অর্থ জমাদান অথবা অন্য কোন কারনে সর্বোচ্চ দরদাতার বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তাহার দরপত্র বাতিল হিসেবে গণ্য করা হবে।

৪. দরপত্র দাখিলের সময় দরদাতাগণকে জামানত হিসেবে তাদের দাখিলকৃত দরপত্র মূল্যের ৩০% টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং অবশিষ্ট ৭০% অর্থ উত্তীর্ণ দরদাতাকে ০৭ (সাত) কার্যদিবস এর মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর বরাবর দাখিল করে কার্যাদেশ গ্রহণ করতে হবে। কার্যাদেশ গ্রহণ না করা পর্যন্ত বালি/মাটি স্থানান্তর করা যাবে না।

৫. দরপত্র দাখিলের দিনই দরপত্রসমূহ সংগ্রহ করে বিকাল ৩.০০ টায় দরপত্র দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্রসমূহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর এর কক্ষে খোলা হবে ও মূল্যায়ন করা হবে।

৬. কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে বিক্রিত বালি/মাটি স্থানান্তর করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিক্রিত বালি/মাটি স্থানান্তর করতে ব্যর্থ হলে নিলাম উপ-কমিটি দরপত্র বাতিল করতে পারবেন এবং অবশিষ্ট বালি/মাটি পুনরায় নিলামের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৭. উত্তীর্ণ দরদাতাকে উদ্ধৃত দরের উপর সরকারী নিয়মানুযায়ী ১৫% ভ্যাট এবং আয়কর ১০% জমা প্রদান করতে হবে।

৮. নির্দিষ্ট সময়ের মধ্যে ডাম্পিং স্পটের পার্শ্ববর্তী সরকারি ও বেসরকারি স্থাপনা ,জমিজমা, ফসল, রাস্তাঘাট, সীমানা, বৈদ্যুতিক খুটি, ইত্যাদি কোনরুপ ক্ষতিগ্রস্ত হলে দরদাতা তা বহন করতে বাধ্য থাকবে।

৯. সরেজমিনে বালি/মাটির পরিমাণ যাচাইপূর্বক দরপত্রে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে বালি/মাটির পরিমাণ এবং রাস্তাঘাট সম্পর্কিত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

১০. বালি/মাটির অবস্থান সরেজমিনে দেখে নিতে হবে। ইজারা গ্রহনের জন্য বালি/মাটির আয়তন/বালু উত্তোলন/বিপনন এবং পরিবহনের ক্ষেত্রে কোন গুজব/আপত্তি গ্রহন করা যাবে না। বালু উত্তোলন/বিপনন এবং পরিবহনের ক্ষেত্রে সমস্যা পরিলক্ষিত হলে ইজারাদার নিজ দায়িত্বে সমাধান করবেন।

১১. বালি/মাটি অন্যত্র সরানোর সময় ডাম্প ট্রাক ব্যবহার করা যাবেনা এবং এর ব্যত্যয় ঘটলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. টেন্ডারকৃত মাটি/বালি গ্রাউন্ড লেভেল (GL) এর নিচে উত্তোলন করা যাবে না।

১৩. কোন সময়ই নদী থেকে ড্রেজিং এর মাধ্যমে বালি/মাটি উত্তোলন করা যাবে না।

১৪. বালি/মাটি সীমানায় বালি/মাটি মওজুদ করে রাখা যাবে না।

১৫. প্রথম আহবানের দরপত্র গৃহীত না হলে পর্যায়ক্রমে ২য় ও ৩য় আহবানের কার্যক্রম চলমান থাকবে।

১৬. কোন ভাবে ত্রিপল/পলিথিন ব্যতীত খোলা ট্রাকে বালি/মাটি পরিবহন করা যাবে না।

১৭. ইতোপূর্বে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান সরকারের নিকট রাজস্ব খেলাপি থাকলে তার/তাদের দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮. অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯. কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিলাম উপ-কমিটি উক্ত নিলাম বাতিল/পরিবর্তন/সংশোধনের ক্ষমতা সহ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

২৮/০৯/২৩

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
মাটি/বালি ব্যবস্থাপনা/বিক্রয় উপ-কমিটি
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং: ৪২.০১.২৭০০.১৯৮.০৫.০০১.২৩-১০১; তারিখঃ ১৮/০৯/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। জেলা প্রশাসক,দিনাজপুর।

২। নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পওর বিভাগ, বাপাউবো, দিনাজপুর।

মাটি/বালি ব্যবস্থাপনা উপ-কমিটিঃ

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর, উপদেষ্টা (কো-অপ্টকৃত)।

৪। উপজেলা নির্বাহী অফিসার , বিরামপুর, দিনাজপুর, আহ্বায়ক।

৫। সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর, সদস্য।

৬। উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর, সদস্য।

৭। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর, সদস্য।

৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর, সদস্য।

৯। সহকারী প্রকৌশলী, বিআইডব্লিইটিএ, দিনাজপুর, সদস্য।

১০। চেয়ারম্যান, ........ নং ........................................................................ ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর, সদস্য।

১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর পওর উপ-বিভাগ-১/বীরগঞ্জ, বাপাউবো, দিনাজপুর।

১২। সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দিনাজপুর।

১৩। দপ্তর কপি।

(মোঃ মাহতাব আলী)
উপ-বিভাগীয় প্রকৌশলী
দিনাজপুর পওর উপ-বিভাগ-২
বাপাউবো, দিনাজপুর
ও
সদস্য সচিব,
মাটি/বালি ব্যবস্থাপনা/বিক্রয় উপ-কমিটি
বিরামপুর, দিনাজপুর।